

জানুয়ারি/২০২২ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

সভার তারিখ : ০৫.০১.২০২২ খ্রি. সকাল ১১.৩০ ঘটিকায়

সভাপতি : মোছাঃ সাকিলা বেগম, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

উপস্থিতি তালিকাঃ পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:নং	আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত কমিটি সভাকরণ সিদ্ধান্ত : প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত কমিটির সভা আহ্বান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়ের কার্যালয়ের প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত কমিটি
২.	আলোচনা: যুব ও ক্রীড়া উন্নয়ন কার্যক্রম আলোচনা: বিভিন্ন প্রশিক্ষণ প্রদান সিদ্ধান্ত : বর্তমানে বেকার যুবকদের গবাদি পশু/হাঁস মুরগি পালন/নার্সারী ইত্যাদি বিষয়ের উপর প্রশিক্ষণ চলছে। এছাড়াও ইলেকট্রনিক্স/রেফ্রিজারেটর/মোবাইল ফোনের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে। আগ্রহী প্রার্থীদের ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের মাধ্যমে যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি

উপজেলা পরিষদ যুব ও ক্রীড়া উন্নয়ন

সংক্রান্ত কমিটি


গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং-

তারিখ : ০৫.০১.২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. অফিস কপি।



সদস্য সচিব

উপজেলা পরিষদ যুব ও ক্রীড়া উন্নয়ন  
সংক্রান্ত কমিটি  
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।